Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড) এ বিশেষ শিক্ষাঃ Identification, Placement and Review Committees (IPRC)
(শনাক্তকরণ, স্থাপনা এবং পর্যালোচনা কমিটি)

অভিভাবকদের জন্য একটি নির্দেশিকা

Identification, Placement and Review Committee (শনাক্তকরণ, স্থাপনা এবং পর্যালোচনা কমিটি) টি কি?

শিক্ষার্থীরা বিকশিত হয় এবং শিখে বিভিন্ন গতিতে। কিছু শিশুর জন্য, গতানুগতিক শ্রেনীকক্ষ তাদের প্রয়োজন নাও মিটাতে পারে। Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড) একটি কমিটির সাহায্যে এইসব শিক্ষর্থীদের সহায়তা করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ, যাঃ

- প্রত্যেক শিক্ষার্থীকে শনাক্ত করে যার বিশেষ শিক্ষা, সহায়তা অথবা সেবার প্রয়োজন
- শিক্ষার্থীকে এমন একটি কর্মসুচীতে স্থাপন করে যা তার প্রয়োজন মিটাবে
- শিক্ষার্থী কেমন অগ্রগতি করছে তা পর্যালোচনা করে।

শনাক্তকরণ, স্থাপনা এবং পর্যালোচনা কমিটি একটি ছোট দলকে অন্তর্ভূক্ত করে, যেমন, স্কুলের প্রধান শিক্ষক, একজন বিশেষ শিক্ষা শিক্ষক অথবা বিভাগের প্রধান, এবং একজন শ্রেনীকক্ষ শিক্ষক। কখনও, অন্যান্য বিশেষজ্ঞ কর্মচারীবৃন্দ কমিটিতে অংশগ্রহন করবে (যেমন একজন মনোবিজ্ঞানী অথবা ভাষা-বাক বিজ্ঞানী)।আপনার সাথে কাজ করে, কমিটি আপনার সন্তানের শিক্ষার সম্ভাব্য সর্বোত্তম সিদ্ধান্ত নেবার উদ্যোগী।

কে একজন শিক্ষার্থীকে কমিটির বিবেচনার জন্য পাঠায়?

আপনার সন্তানের স্কুলের প্রধান শিক্ষক পাঠান, এবং আপনাকে লিখিতভাবে অবহিত করেন। আপনি যদি আপনার সন্তানের শিক্ষন চাহিদা সম্পর্কে উদ্বিগ্ন হন, আপনিও প্রধান শিক্ষককে ব্যবস্থা গ্রহনের জন্য লিখিতভাবে আবেদন জানাতে পারেন। আপনি কমিটি সভা বসার অন্ততঃপক্ষে ১০ স্কুল দিবস আগে অবহিত হবেন। আপনি যদি উপস্থিত থাকতে না পারেন, অনুগ্রহ করে আরেকটি ভিন্ন তারিখ বা সময়ের জন্য প্রধান শিক্ষককে যোগাযোগ করুন।

সভার আগে কমিটি কি তথ্য নিবে?

স্কুল এবং বোর্ড কর্মচারীগন আপনার সন্তানের শিখন সম্বন্ধে তথ্য সংগ্রহ করবেন। এটা আপনার সন্তানের প্রয়োজনের এবং শিক্ষায়তনিক সাফল্যের মূল্যায়ন (শ্রেনী শিক্ষকের এবং বিশেষ শিক্ষা শিক্ষকদের থেকে), প্রাসংগিক স্বাস্থ্য তথ্য, এবং আনুষ্ঠানিক মূল্যায়নগুলোর ফল (যেমন একজন মনোবিজ্ঞানী, ভাষা-বাক বিজ্ঞানী অথবা অকুপেশনাল থেরাপিসট)অন্তর্ভূক্ত করে। আপনি সব তথ্যের একটি কপি পাবেন।

সভার জন্যে কিভাবে তৈরী হবেন?

আপনি এই পদ্ধতির একজন সমান অংশীদার। কমিটি মিলিত হবার আগে, আপনি আপনার সন্তানের ক্ষমতা এবং প্রয়োজনসমুহ সম্পর্কে লিখিত তথ্য দিতে চাইতে পারেন। আপনি বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তাসমুহ, কার্যক্রমসমুহ এবং সেবাসমুহ, স্থাপনার উপায়সমুহ, এবং সন্তানের রেকর্ডগুলো সম্বন্ধে আরও জানতে চাইতে পারেন। আপনার স্কুলের প্রধান শিক্ষকের সাথে কথা বলুন।

আপনার সন্তানের প্রবক্তা হিসাবে আপনি অন্য কাউকে সভায় আনতে পারেন। শিক্ষার্থীগন যারা ১৬ অথবা তার উর্দ্ধে উপস্থিত থাকার যোগ্যতা রাখে। আপনি যদি কমিটিতে ইংরেজিতে কথা বলতে স্বাচ্ছন্দ বোধ না করেন, আমরা আপনার দোভাষীর ব্যবস্থা করব।

কমিটির সভায় কি হয়?

কমিটি আপনার সন্তানের কর্মক্ষমতাসমুহ এবং পড়াশুনার প্রয়োজনীয়তাসমুহ সম্বন্ধে পর্যালোচনা এবং আলাপ করে, বিশেষ শিক্ষনের প্রয়োজনীয়তা আছে কিনা এবং কি ধরনের স্থাপনা সর্বোত্তম। আপনার প্রশ্ন করা এবং আলোচনায় অংশগ্রহন করা উচিত।

সভাগুলো সাধারনত প্রায় ২০মিনিট স্থায়ী হয়। কমিটি আপনার সন্তানের বিশেষ শিখন প্রয়োজনীয়তা আছে কিনা এবং বিশেষ শিক্ষা স্থাপনা প্রয়োজন কিনা, এ বিষয়ে তাৎক্ষনাত সিদ্ধান্ত নিবে। কখন কখন কমিটির আরোও তথ্যের প্রয়োজন হয়, এবং তারা সিদ্ধান্ত স্থগিত রাখবে। আরেকটি সভার সময় নির্ধারন করা হবে এবং আপনি উপস্থিত থাকার জন্য আমন্ত্রিত হবেন।

যদি বিশেষ শিক্ষার প্রয়োজন হয়, শিশুর জন্য সবসময় প্রথম সম্ভাবনা বিশেষ শিক্ষা সহায়তাসহ নিয়মিত শ্রেনীতে থাকা। যদি সেটা উপযুক্ত না হয়, অন্যান্য সম্ভাবনাগুলোর মধ্যে অন্তর্ভুক্ত অর্ধস্কুলদিবস পর্যন্ত নিয়মিত শ্রেনীকক্ষ থেকে সরিয়ে নেয়া, এবং একটি বিশেষ শিক্ষা শ্রেনীতে উপস্থিত থাকা (আপনার বাড়ীর স্কুলে অথবা অন্য স্কুলে)।

কমিটি মিলিত হবার পর কি হয়?

আপনি কমিটির সিদ্ধান্ত ব্যাখ্যাসহ একটি চিঠি পাবেন। আপনি যদি সভায় না থাকেন, আপনার স্কুলের প্রধান শিক্ষক সিদ্ধান্ত সম্বন্ধে আপনাকে যোগাযোগ করবেন। কমিটি যদি বিশেষ শিক্ষা স্থাপনা সুপারিশ করে, আপনাকে মতামত ফর্ম স্বাক্ষর করতে বলা হবে।

কোন উদ্বেগ থাকলে আপনার সন্তানের প্রধান শিক্ষকের সাথে দয়া করে আলোচনা করুন। আপনি কমিটিকে পুনর্বিবেচনার জন্য বলতে পারেন(লিখিতভাবে)এবং আপনি যদি তবুও ভিন্নমত পোষন করেন সিদ্ধান্ত সম্বন্ধে আবেদন করতে পারেন। স্কুল বোর্ডের শিক্ষাপরিচালকের কাছে কমিটির সভার ৩০ দিনের মধ্যে আপনার আবেদন জানিয়ে এবং কারন দেখিয়ে একটি চিঠি পাঠান।

আপনি সই করলে এবং মতামত ফরমটি আপনার সন্তানের স্কুলে পাঠালে আমরা স্থাপনার জন্য ব্যবস্থা নেব।

স্থাপনার পর, আপনি কিভাবে জানবেন আপনার সন্তানের প্রয়োজন মিটছে কি না?

যে কোন কার্যক্রমে যে কোন শিক্ষার্থীর মত, আপনি একটি রিপোর্ট কার্ড পাবেন, এবং নির্ধারিত শিক্ষক/অভিভাবক সভায়, অথবা আপনার আবেদনের প্রেক্ষিতে অন্য কোন সময় শিক্ষকের সাথে কথা বলতে পারেন।

আপনি আপনার সন্তানের অগ্রগতিতে একটি ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা তৈরীর মাধ্যমে অন্তর্ভূক্ত থাকবেন । এটা আপনার সন্তান বিশেষ শিক্ষা স্থাপনা শুরু করার ৩০ স্কুল দিবসের মধ্যে তৈরী হতে হবে। এই পরিকল্পনা আপনার সন্তানের আগ্রহ, কর্মক্ষমতা, প্রয়োজনসমুহ, এবং লক্ষ্যগুলোর নক্সা করে এবং আমাদেরকে আপনার সন্তানের কৃতকার্য হবার জন্য বিশেষ শিক্ষা কার্যক্রম অথবা সেবা প্রদান করত সাহায্য করে।

আপনার সন্তান স্থাপনায় ৩ মাস অতিবাহিত করার পর, আপনি আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য একটি অনুসরন পর্যালোচনা কমিটির জন্য আবেদন করতে পারেন। স্কুলের বছরে অন্তত একবার আপনার সন্তানের বিশেষ শিক্ষা প্রয়জনীয়তা পর্যালোচনা করা উচিত। যদি আমরা প্রস্তাব করি অথবা আপনি স্থাপনার অথবা এলাকার পরিবর্তনের জন্য আবেদন করেন, আমরাও একটি বাৎসরিক পর্যালোচনা সভা আয়োজন করব।

কোথায় আরও তথ্য পেতে পারেন?

Identification, Placement and Review Committee (শনাক্তকরণ, স্থাপনা এবং পর্যালোচনা কমিটি) সম্বন্ধে আরও জানতে, দয়া করেঃ

- আপনার সন্তানের শিক্ষকের অথবা প্রধান শিক্ষকের সাথে কথা বলুন।
- আপনার সন্তানের স্কুলের বিশেষ শিক্ষা শিক্ষকের সাথে যোগাযোগ করুন।
- Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের) এর www.peelschools.org/speced ওয়েবসাইট এ যান।

- Ministry of Education (শিক্ষা মন্ত্রণালয়)এর ওয়েবসাইট দেখুন www.edu.gov.on.ca, এলিমেন্টারি এবং সেকেন্ডারি এডুকেশনে ক্লিক করুন, তার পর স্পেশাল এডুকেশন লিংক্স-এ যান।

- Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড)এ 905-890-1099 **অথবা** 1-800-668-1146, extension 2345 তে ফোন করুন।